

# সমস্যায় প্যাকিং শিল্প

নিজস্ব সংবাদদাতা: ক্রাফ্ট পেপারের দাম বাড়ায় সমস্যায় রাজ্যে পেপার বোর্ডের প্যাকিং বাক্স প্রস্তুতকারকেরা। ইস্টার্ন ইন্ডিয়া করোগেটেড বক্স ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি মিলন দে জানান, “গত ৩ মাসে কাগজকল মালিকেরা ক্রাফ্ট পেপারের দাম ৩৫-৪০% বাড়িয়েছেন। অথচ এক লাফে অতটা দাম বাড়ানো আমাদের পক্ষে অসম্ভব।” মঙ্গলবার এর বিরুদ্ধে পূর্বাঞ্চলের সব কারখানায় এক দিনের প্রতীক ধর্মঘট পালিত হয়।